

শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট (হাই স্কুল)

নিজে পড়ো (সপ্তম শ্রেণি: বাংলা)

- পাঠ্যের নাম: **দিন ফুরোলে**
- রচয়িতা: **শঙ্খ ঘোষ**
(পরিচিতি/পাঠ্য বই থেকে কবি পরিচিতি পাঠ করবে।)
- উৎস:** 'দিন ফুরোলে' কবিতাটির নাম কবি দিয়েছিলেন 'দিন ফুরালো'। এটি কবির 'সবকিছুতেই খেলনা হয়' কাব্য থেকে নেওয়া। পাঠ্যাংশে কবিতাটির নাম ঈষৎ বদলে রাখা হয় 'দিন ফুরোলে'।
- মূলভাব:** দিন ফুরোলে কবিতায় শিশুমনের বৈচিত্র্য ধরা পড়েছে। পৃথিবী তাদের কাছে খেলার জগৎ। তারা বদ্ধ জীবন চায় না। কিন্তু বর্তমান সমাজে অসম প্রতিযোগিতার হুঁদুর দৌড়ে বাবা-মায়েরা তাদের সন্তানদের অর্থাৎ তাদের শিশুদের সামিল করেছে। শিশুদের কাছে পৃথিবীটাই খেলার পৃথিবী। খেলার মাঠ তাই তাদের কাছে সবথেকে আকর্ষণের জায়গা। কিন্তু তাদের অনিচ্ছা সত্ত্বেও বড়োদের পৃথিবী তাদের নিয়মের বাঁধনে বেঁধে রাখে।

শব্দ ছক

শব্দ	অর্থ	পদ	ব্যাকরণগত পরিচয়
ঈশ্বর	ভগবান	বি	ঐশ্বরিক (বিণ)
গঙ্গা	নদী বিশেষ	বি	গাঙ্গেয় (বিণ)
সারি	শ্রেণি	বি	পঙক্তি (সমার্থক)
মন	হৃদয়	বি	মানসিক (বিণ)
আকাশ	গগন	বি	অম্বর (সমার্থক)
সন্ধ্যা	সায়ান্ন, সায়ংকাল	বি	সান্ধ্য (বিণ)

নমুনা প্রশ্ন ও উত্তর

• অতি সংক্ষিপ্ত উত্তরধর্মীঃ (কম-বেশি ২০ শব্দ)

১। সূর্য্যি ডুবে যাওয়ায় কথকরা 'দুচ্ছাই' কেন বলেছেন?

উঃ সূর্য্যি ডুবে গেলে কথকদের খেলা বন্ধ করে মাঠ থেকে ঘরে ফিরে আসতে হবে। তাই তারা 'দুচ্ছাই' বলেছে।

২। বাপ-মায়েরা কী হলে মুচ্ছা যাবেন?

উঃ সন্ধের পরও ছেলে-মেয়েরা যদি নিজেদের বাড়ি ফিরে না আসে তবে বাপ-মায়েরা দুশ্চিন্তা করতে করতে মুচ্ছা যাবেন।

৩। পাখিরা কোথা থেকে কোথায় উড়ে যায়?

উঃ পাখিরা উন্মুক্ত প্রান্তর বা ধানের খेत থেকে নিজেদের বাসার দিকে উড়ে যায়।

• সংক্ষিপ্ত উত্তরধর্মীঃ (কম-বেশি ৬০ শব্দ)

❖ ছোট ছোট ছেলে-মেয়েদের সন্ধেবেলায় ঘরে ফেরাকে 'মন খারাপের গর্তে' ফেরা বলে কেন মনে হয়েছে?

উঃ বিশিষ্ট কবি শঙ্খ ঘোষের লেখা 'দিন ফুরোলে' কবিতায় ছোট ছোট ছেলে-মেয়েদের সন্ধেবেলায় ঘরে ফেরাকে 'মন খারাপের গর্তে' ফেরা বলে মনে হয়েছে। খেলা ছেড়ে সন্ধেবেলায় সঙ্গী-সার্থীদের ফেলে ছোটদের ঘরে ফিরতে মন চায় না। কারণ সেই ঘরে আছে শাসন-তর্জণ আর নানা বাঁধা-নিষেধের বন্ধন।

উন্মুক্ত মাঠের বদলে তাই ঘরকে আলো-বাতাসহীন মন খারাপের গর্ত বলে তাদের মনে হয়েছে।

• রচনাভিত্তিকঃ (কম-বেশি ১৫০ শব্দ)

❖ সন্ধে নামলেই বাবা-মায়েরা কেমন উৎকণ্ঠিত হন তা 'দিন ফুরোলে' কবিতা অবলম্বনে নিজের ভাষায় লেখো।

উঃ বিশিষ্ট কবি শঙ্খ ঘোষের লেখা 'দিন ফুরোলে' কবিতায় কবি রাত্রিকালীন আকাশের এক অপরূপ সৌন্দর্যের বর্ণনা করেছেন। পাশাপাশি সূর্যাস্তের সঙ্গে সঙ্গে ছোট শিশুমনের বেদনাও ব্যক্ত করেছেন।

দিন শেষ হলে সূর্য অস্ত যায়। কিন্তু আলোচ্য কবিতায় শিশুরা বলেছে-

*"সূর্য্যি নাকি সত্যি নিজের ইচ্ছেয়
ডুব দিয়েছে? সন্ধে হলো? দুচ্ছাই"*

অর্থাৎ সূর্য যেন সন্ধে হওয়ার আগে অর্থাৎ নির্দিষ্ট সময়ের আগেই ইচ্ছে করে অস্ত গেছে। আসলে এই বক্তব্যের কারণ হল শিশুমনের আক্ষেপ। সূর্য ডুবলেই মাঠে তাদের খেলার সময় শেষ। বাড়িতে ফিরে পড়তে বসার পালা, যাতে তাদের অনীহা। এই আক্ষেপ এর জন্যেই তাদের মনে হয় সূর্য যেন তাদের খেলা যাতে তাড়াতাড়ি বন্ধ হয়ে যায়, তাই জন্য নির্দিষ্ট সময়ের আগেই নিজের ইচ্ছায় ডুব দিয়েছে।

খেলার মাঠ ছেড়ে সন্ধেবেলায় সঙ্গী-সার্থীদের ফেলে শিশুদের ঘরে ফিরতে মন চায়

না। কিন্তু দিনের শেষে যখন সন্ধ্যা হয় তখন সকল শিশুদের ঘরে ফেরাই হল নিয়ম। সন্ধ্যার পর মাঠে থাকলে ভাঙা হয় নিয়ম, দেখানো হয় স্পর্ধা। তাছাড়া সন্ধ্যার পর শিশুরা ঘরে না ফিরলে বাবা-মায়েরা সন্তানদের চিন্তায় উদ্ভিন্ন হয়ে পড়ে, অস্থির হয়ে যায়। তারা চায় তাদের সন্তানেরা খেলাধুলোর পর পড়তে বসুক। তবেই তাদের মনের বিকাশ হবে ও ভবিষ্যৎ সুন্দর হয়ে উঠবে।

॥ নিজে করো ॥

❖ অতি সংক্ষিপ্তঃ (কম-বেশি ২০ শব্দ)

- ১। কথকরা লক্ষ রঙের দৃশ্য দেখতে পাবেনা কেন?
- ২। দিনের শেষে শিশুরা কোথায় ফেরে?
- ৩। বাড়ি ফিরলে বাবা-মা কী বলবে?

❖ সংক্ষিপ্তঃ (কম-বেশি ৬০ শব্দ)

- ১। “আমরা কি আর দেখতে পাব ভাবছ?” – কারা,কী দেখতে পাবেনা?
- ২। লক্ষ রঙের দৃশ্য- বলতে কী বোঝানো হয়েছে?
- ৩। রঙের বাক্স বলতে কবি কী বুঝিয়েছেন?

❖ রচনাভিত্তিকঃ (কম-বেশি ১৫০ শব্দ)

- ১। তোমার দেখা একটি গোধুলির রূপ ‘দিন ফুরোলে’ কবিতাটি অবলম্বনে লেখো।

বিঃদ্রঃ

- ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য মন্তব্য কোর্সে (Comment Box)- এ পাঠাও।
- নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।
- আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।